


বিশ্বের সবচেয়ে ছোটো কম্পিউটার

1 চালের দানার থেকেও ছোটো! অর্থাৎ হচ্ছ? ভাবছ, এত ছোটো মাপের কম্পিউটার আবার হয় নাকি! হয় হয়। এবং এমন তাক লাগানো কাজটি করেছে আমেরিকার মিশিগান ইউনিভার্সিটি ও আইবিএম-এর গবেষকরা। এটি দেখতে মাইক্রো ডিভাইসের মতো। ডিভাইসটি বন্ধ করার সময় এটিতে থাকা সব তথ্য মুছে যায়। ফলে গবেষকরা এই মাইক্রো ডিভাইসটিকে পূর্ণাঙ্গ কম্পিউটার হিসেবে স্বীকৃতি দিতে নারাজ। মানা, না মানার বিষয়টিকে দূরে


সরিয়ে রেখে চলো জেনে নিই মাইক্রো ডিভাইসটি সম্পর্কে। ডিভাইসটি লম্বায় শূন্য দশমিক ৩ মিলিমিটার অর্থাৎ আয়তন চালের দানার থেকেও ছোটো। এটি আলোকরশ্মিকে ব্যবহার করে তথ্য আদান-প্রদান করে থাকে। ক্ষুদ্র আকৃতির এই ডিভাইসে র‍্যাম, ফোটোভোলটাইক্স সহ প্রসেসরও রয়েছে। এটি টিউমারভিত্তিক নানান গবেষণায় সাহায্য করবে। এছাড়া ডিভাইসটি ইউরুরে দেখে প্রবেশ করানো যাবে, যেখানে ক্যান্সারের কোশ বৃদ্ধি হয়ে থাকে।



123

বন্ধুরা, 1 থেকে 45 পর্যন্ত যোগ করে দ্যাখো তো, কী দেখতে পাও!

যোগ করো রং ভরো



2

3 ছবি দেখে নাম বলো


তোমার দাদা, আমার দাদা, বাবারও দাদা, ঠাকুরদারও দাদা। দাদাগিরি-র দাদা। আজ ৮ জুলাই তাঁর জন্মদিন। বলতে পারো কে ইনি?



ভ গা র সৌ লি স্ত্র

১ জুলাই-এর উত্তর : বিধান চন্দ্র রায়

শংকর-এর সহজ পাঠ



4

আঙুল ছাপে ছবি



5

উপরের ছবিটার মতো তুমিও আঁকতে চাও? খু-উ-ব সহজ। একটি পাত্রে নানা রঙের জল রং নাও। তারপর আঙুলে আলতো করে রং লাগিয়ে কাগজে আঙুল চেপে ধরো। তারপর স্কেচ পেন দিয়ে যেমন যেমন আঁকা হয়েছে তেমন তেমন এঁকে ফেলো। বেশ মজা, তাই না!

6 ঝাঁপা পড়ে ঝাঁপিয়ে যাও

1. তিন অক্ষরে নাম ১২ জলে বাস করে মায়ের অক্ষর বাদ দিলে আকাশেতে ওড়ে।
2. পাঁচ অক্ষরে ইংরেজি নাম সবার ঘরে আছে। প্রথম অক্ষর কেটে দিলে সবার মাথায় আছে। প্রথম ও দ্বিতীয় অক্ষর বাদ দিলে সর্বত্র আছে।
3. নাকটি চেপে বসে, কানটি ধরে টেনে জগৎখানা ঘুরে বেড়ায় বলতো সে কে?
4. চলতে চলতে তার চলা হল ভার মাথাটা কেটে দিলে চলবে আবার।

১৩ জুলাই ২০১৮ ১৩

৮৩৬

7 পাগল বটে

জওহরলাল নেহেরু একবার মানসিক হাসপাতাল পরিদর্শনে গিয়েছেন। সফরটা একেবারেই ব্যক্তিগত। তিনি প্রতিটি ওয়ার্ড ঘুরে ঘুরে দেখছেন। এমন সময় এক রোগী এসে তাঁর সঙ্গে আলাপ জমাবার চেষ্টা করল।

আপনি কে?

খানিকটা থতমত খেয়ে নেহেরু সত্যি কথাটা বলে ফেললেন, আমি ভারতবর্ষের প্রধানমন্ত্রী।

ওরে দেখে যা, আমার মতো আরেকজন রোগী এসেছে। লোকটি উল্লাসে অন্যান্য রোগীদের উদ্দেশ্যে বলতে লাগল, সে আবার নিজেকে প্রধানমন্ত্রী বলে পরিচয় দিচ্ছে! হি...হি...হি...

স্কুলে মজার ঘটনা, অভিজ্ঞতা, ঝাঁপা, ১৫০ শব্দের গল্প, ১২ লাইনের ছড়া, আঁকা ছবি যা খুশি পাঠাও অবশ্যই নাম, ক্লাস ও স্কুলের নাম সহ-ইচ্ছেডানা, ১৪এ, মনোহরপুকুর রোড, কল-২৬, ই-মেল ichchedanaubs@gmail.com (পিডিএফ ফর্মাটে)

তোমাদের রেখায়, তোমাদের লেখায়

ইকিড় মিকিড়

যেকোনো বিষয়ে ছড়া (১২ লাইনের মধ্যে), গল্প (১৫০ শব্দের মধ্যে), আঁকা ছবি (এ-৪ সাইজের মধ্যে), ঝাঁপা, জোকস অথবা রকমারি মজার তথ্য, অভিজ্ঞতা, স্কুলে মজার ঘটনা প্রভৃতি পাঠাতে পারো। সঙ্গে অবশ্যই তোমার নাম-সহ ক্লাস, স্কুলের নাম এবং যোগাযোগের জন্য ফোন নম্বর উল্লেখ করবে। লেখা-আঁকা প্রকাশিত হবে মাসিক 'তথ্যকেন্দ্র' পত্রিকায়।

আঁকা, লেখা পাঠাও-ইকিড় মিকিড়, প্রযত্নে তথ্যকেন্দ্র,

১৪এ, মনোহরপুকুর রোড, কলকাতা-২৬।

ফ্যাক্স: ০৩৩-২৪১৯২৩৫৮,

ই-মেল: ikirmikirtk@gmail.com (পিডিএফ ফর্মাটে)